আজকের কাগজ
তারিখ ... 29 SEP 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১

# হাবিব হত্যার প্রতিবাদে ক্যাম্পাসে গাড়ি ভাঙচুর

**কাগজ প্রতিবেদকঃ** রংপুরে ছাত্রলীগ (না-শ) কর্মী হাবিব হত্যার প্রতিবাদে একদল বিক্ষুব্ধ তরুণ গতকাল শনিবার সন্ধ্যায় টিএসসি শাহবাগ রাস্তায় ৪টি প্রাইভেট কার, ১টি মাইক্রোবাস ভাঙচুর ও একটি পিকআপ ভ্যানে আগুন লাগানোর চেষ্টা করে। ঢাকা মেডিকেল কলেজের মাইক্রোবাসটি ভাঙচুরের সময় আবদুল হাই (৩৩) নামে জনৈক আরোহী আহত হন। এদিকে ঐ এলাকায় টহলরত পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌছে। সরকারি পিকআপ ভ্যানে আগুন লাগানোর সাথে সাথে পুলিশ এসে আগুন নিভিয়ে গাড়ি সরিয়ে নেয়। তবে প্রাইভেট কারগুলোর শুধু গ্লাস ভাঙচুর করা হয়। আহত আবদুল হাইকে প্রাথমিক চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদিকে ঐ ঘটনার পর পুলিশ আবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গাড়ি ঢুকতে দিচ্ছে না।

গতকাল বিকেলে হাবিব হত্যার প্রতিবাদে বাংলাদেশ ছাত্রলীগ (না-শ) টিএসসি চত্বরে মিছিল ও সমাবেশ করেছে। সমাবেশ শেষে একদল তরুণ ঐ গাড়িগুলো ভাঙচুর করেছে বলে প্রত্যক্ষদর্শীরা জানিয়েছে। এছাড়া রংপুরে নিহত ছাত্রলীগ (না-শ) কর্মী হাবিব স্মরণে গতকাল গণতান্ত্রিক ছাত্রঐক্য ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শোকমিছিল এবং অপরাজেয় বাংলার পাদদেশে এক সমাবেশের আয়োজন করে। সমাবেশে বক্তৃতা করেন ছাত্রনেতা শফী আহমেদ ও রুহিন হোসেন প্রিন্স। সমাবেশে তারা বলেন, হাবিব হত্যাকাণ্ডের মধ্যে সরকারি ছাত্র সংগঠনের ফ্যাসিস্ট চরিত্র স্পষ্ট হয়ে উঠেছে। এভাবে সন্ত্রাস ও হত্যাকাণ্ডের মধ্য দিয়ে যদি শিক্ষাঙ্গন দখলের চেষ্টা করা হয় তবে তার ফলাফল কখনো শুভ হবে না। সমাবেশে তারা অবিলম্বে হাবিব হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি এবং দেশের বিভিন্নস্থানে ছাত্রনেতাদের নামে দায়েরকৃত মিথ্যা মামলা ও গ্রেফতারী পরোয়ানা প্রত্যাহারের দাবি জানান। সমাবেশ শেষে একটি শোকমিছিল জাতীয় প্রেসক্লাবে যায়। গণতান্ত্রিক ছাত্রঐক্যের নেতা-কর্মীরা সকালে কালোব্যাজ ধারণ করেছে।

**জাতীয়তাবাদী ছাত্রদলঃ** গতকাল ক্যাম্পাসে 'সন্ত্রাস বিরোধী' মিছিল ও সমাবেশ করেছে। মিছিল শেষে ডাকসু ভবনের সামনে সমাবেশে বক্তৃতা করেন ছাত্রদল নেতা আলী আব্বাস নাদিম ও হাবিবুন্নবী সোহেল। সমাবেশে তারা বলেন, একটি চিহ্নিত মহল দেশের গণতন্ত্র, স্বাধীনতা, সার্বভৌমত্বকে নস্যাৎ করার চক্রান্তে লিপ্ত। তারা বলেন, ডাঃ মিলন হত্যাকারীদের অবশ্যই গ্রেফতার করতে হবে। কারণ ঐ হত্যাকারীরাই আবার বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেবার পাঁয়তারা চালাচ্ছে।

**ছাত্রলীগ (আ-অ)ঃ** ক্যাম্পাসে মিছিল শেষে কলাভবনের প্রধান গেটে এক সমাবেশ করেছে। এতে বক্তৃতা করেন ছাত্রলীগ নেতা কামরুজ্জামান আনসারী। তিনি হাবিব হত্যাকাণ্ডের তীব্র প্রতিবাদ জানিয়ে বলেন, দেশ আজ সন্ত্রাসের কবলে। সরকারি ছাত্র সংগঠন আবার ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ করার পাঁয়তারা চালাচ্ছে। তিনি এই চেষ্টা প্রতিহত করার জন্য ছাত্রসমাজের প্রতি আহবান জানান।